

অটো:-

রাস্তায় অনেক ধরনের যানবাহন আমরা দেখতে পাই। এক একটি যানবাহনের এক _ এক রকম গরণ। তাদের আত্মকথা নিয়ে আমরা কখনো ভাবি না। শুধুমাত্র চালকেরাই বুঝতে পারেন তাদের চালিত যানের অব্যক্ত যান্ত্রিক ভাষা। তার মধ্যে একটি ছোট যান হলো, তিন চাকার "অটো"। তার মনের অভিব্যক্তি প্রকাশের মাধ্যম স্বরূপ এই গানটি সকল অটো চালকদের সম্মান জানানোর জন্য উৎসর্গীকৃত।

"বড়ো বড়ো গাড়ির ভিড়ে আমি কোথাও যেন হারিয়ে যায়", এই কথা ভেবে ভেবে

" অটো"নামক অতি প্রয়োজনীয় যানটি নিজের অস্তিত্ব জ্ঞাপনের জন্য মজার ছলে নিজের প্রয়োজনীয়তা উপলব্ধি করানোর চেষ্টা করেছে এই গানটির মাধ্যমে।।

ছোট্ট আমার প্রাণ

আমি সাধারণের যান

তিনটি চাকায় চলি ,

আমার নামটি শোনো 'অটো'।

লম্বা-চওড়া নই গো আমি,

বলতে পারো ছোট

-খাটো।।

কোথাও আমি সবুজ-হলুদ,

কোথাও হলদে-কালো।

অন্য রঙে সাজালে কি,

লাগতো না ভালো?

বলো লাগতো না ভালো?

যত্র তত্র পারি না যেতে,

আমার রুটযে বাঁধা।
আমি বাপু তুলি না কখনো,
স ওয়ারী একগাদা।।

যখন স ওয়ারী আসে,
আমার মনটা ফূর্তি থাকে।
হাসি আপন মনে,
যখন ওরাও হান্তে থাকে।।

ছোট, বড়ো নানান গাড়ি,
চলছে দেখে পথে।
তাদের সাথে পাল্লা দিয়ে,
পাশ কাটিয়ে হয় যেতে।।

মাঝে মাঝে ভয় ও লাগে,
সাওয়ারীদের নিয়ে।
কোনো ত্রুটি হয় না যেন,
পোঁছে দিতে গিয়ে ।।

খাবার আমার দিনে দিনে
হচ্ছে এতো দামি।
কখন হয়তো এই ভিড়েতে,
হারিয়ে যাবো আমি ।।